# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৮৪ তারিখঃ ১৭ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮০৯ তম কমিশন সভা অদ্য ৩১/০১/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Krishibid Seed Limited (কৃষিবিদ সীড লিমিটেড) এর ১১.৬০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১,১৬,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Qualified Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ১১.৬০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি কোল্ড স্টোরেজ, স্টোরেজ বিল্ডিং, বীজ গবেষণা ও উন্নয়ন কেন্দ্র এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই, ২০২১ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত (ত্রৈমাসিক) সময়কালের আর্থিক বিবরনী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৬০ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১২.৬০ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে SBL Capital Management Limited।

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'SAML Growth Fund (Open-end)'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'Shahjalal Asset Management Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে (ফান্ডের প্রাথমিক আকারের ১০ শতাংশ) এবং বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'Shahjalal Asset Management Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

31-01-22

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd